

১১-১১-১১

দৈনিক ইত্তেফাক

তারিখ
পৃষ্ঠা ১৬ কলাম ১

১১/১০/১১

হামিদা আলীর বিরুদ্ধে ভিকারুননিসার জমি ও ৬ কোটি টাকা অবৈধভাবে হস্তান্তরের অভিযোগ

ইত্তেফাক রিপোর্ট : ভিকারুননিসা নূন স্কুল ও কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষা রোয়েনা হোসেন গতকাল সোমবার বলেন, শিক্ষা প্রতিষ্ঠানটির অস্তিত্ব বিপন্ন হবার আশঙ্কায় এ সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়েছে।
(১৫শ পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

হামিদা আলীর (শেষ পৃষ্ঠার পর)

সাবেক অধ্যক্ষা হামিদা আলী স্কুলের জমিসহ আর্থিক ক্ষেত্রে নানা অনিয়ম ও দুর্নীতি করেছেন। স্কুল ও কলেজের ১০ বিঘা জমি মাত্র ১৬ লাখ টাকায় এবং কর্তৃপক্ষের অনুমতি ছাড়া ৬ কোটি টাকা বিশ্ববিদ্যালয় ফাউন্ডেশনের নামে অবৈধভাবে হস্তান্তর করে ভিকারুননিসা বিশ্ববিদ্যালয় নামে সম্পূর্ণ একটি প্রাইভেট বিশ্ববিদ্যালয় বেইলী রোড ক্যাম্পাসে প্রতিষ্ঠা করা হয়েছে। তিনি বলেন, উর্ধ্বতন কর্তৃপক্ষ ও শিক্ষকদের অগোচরে কাজটি করেছেন সাবেক অধ্যক্ষা। আমরা ভিকারুননিসা স্কুল ও কলেজকে রক্ষা করতে চাই। ভিকারুননিসা বিশ্ববিদ্যালয়কে অবিলম্বে বেইলী রোড ক্যাম্পাস থেকে স্থানান্তর করা হবে।

ভারপ্রাপ্ত অধ্যক্ষা বলেন, ১লা আগস্ট নতুন গভর্নিং বডির সাথে স্কুলের সকল শাখার শিক্ষকদের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় ভিকারুননিসা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় নানা প্রকার অনিয়মের কথা ফাঁস করা হয়। যদিও ২০০০ সালের ২৪শে আগস্ট শিক্ষকদের এক সাধারণ সভায় শিক্ষক প্রতিনিধি ও কয়েকজন শিক্ষক বিশ্ববিদ্যালয়কে কিছু জমি হস্তান্তর সংক্রান্ত তথ্য প্রাক্তন অধ্যক্ষার কাছে জানতে চেয়েছিলেন। প্রাক্তন অধ্যক্ষা সেদিন শিক্ষকদের প্রশ্নের সঠিক উত্তর দেননি। ২০০১ সালের অক্টোবর মাসের ২য় সপ্তাহে একটি অনিয়মিত সভায় বহু শিক্ষাই পুনরায় বিশ্ববিদ্যালয় সম্পর্কে জানতে চাইলে প্রাক্তন অধ্যক্ষা সেদিন শিক্ষকদের ওপর ক্ষুব্ধ হন এবং সকলকে তিরস্কার করেন। ম্যানেজিং কমিটির সম্মতি নিয়েই সাংবাদিক সম্মেলন আহ্বান করা হয়েছে বলে ভারপ্রাপ্ত অধ্যক্ষা জানান।